

# সূর্য

প্রিন্ট: ০৪ মে ২০২৫, ০৯:৫৪ এএম

শিক্ষাজন

## রাবি 'সি' ইউনিটের ভর্তি পরীক্ষার ফল প্রকাশ



রাবি প্রতিনিধি

প্রকাশ: ০৩ মে ২০২৫, ১০:২১ পিএম



গ্রুপে পাসের হার ৮১ দশমিক ৯৭।

শনিবার (৩ মে) সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তর থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিশ্ববিদ্যালয়ের ভর্তি সংক্রান্ত ওয়েবসাইটে লগইন করে ভর্তিচ্ছু শিক্ষার্থীরা নিজ নিজ ফলাফল দেখতে পারবেন।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, বিজ্ঞান, প্রকৌশল, জীববিজ্ঞান, ভূবিজ্ঞান, কৃষি, ফিশারিজ ও ভেটেরিনারি অ্যান্ড এনিমেল সায়েন্স অনুষদভুক্ত ২৬টি বিভাগ সি ইউনিটের অন্তর্ভুক্ত।

এতে প্রথম শিফটে ৪৮ হাজার ১১০ জন পরীক্ষার্থীর মধ্যে ৩৯ হাজার ৭৬৩ জন পরীক্ষায় অংশ নেয়। এর মধ্যে ১৭ হাজার ৫০১ জন ভর্তিচ্ছু পরীক্ষায় উত্তীর্ণ হয়। পাসের শতকরা হার ৪৪ দশমিক ১ এবং প্রাপ্ত সর্বোচ্চ নম্বর ৮৯।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়েছে, ইউনিটের দ্বিতীয় শিফটে ৪৮ হাজার ১০৮ জন পরীক্ষার্থীর মধ্যে ৪০ হাজার ৮৮ জন পরীক্ষায় অংশ নেয়। এর মধ্যে ১৩ হাজার ৯৩ জন পরীক্ষায় উত্তীর্ণ হয়। পাসের শতকরা হার ৩২ দশমিক ৬৬ এবং প্রাপ্ত সর্বোচ্চ নম্বর ৮৪ দশমিক ৫০। এ ছাড়া অবিজ্ঞান ২ হাজার ৬০২ জন পরীক্ষার্থীর মধ্যে ২ হাজার ১১৯ জন পরীক্ষায় অংশ নেয়। এর মধ্যে ১ হাজার ৭৩৭ জন পরীক্ষায় উত্তীর্ণ হয়। পাসের শতকরা হার ৮১ দশমিক ৯৭ এবং প্রাপ্ত সর্বোচ্চ নম্বর ৮০।

উত্তীর্ণ শিক্ষার্থীদের পরবর্তী করণীয় সম্পর্কে নির্দেশনা সংশ্লিষ্ট ওয়েবসাইট ও বিশ্ববিদ্যালয়ের ভেরিফায়েড ফেসবুক পেজ থেকে দেখা যাবে। প্রকাশিত ফলাফলে কোনো ভুলত্রুটি পাওয়া গেলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তা সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করে।